দৈনিক সংবাদ

তারিখ 13 JAN 1998
পৃষ্ঠা ... কলাম ...

# প্রসঙ্গ ঃ ফরাসী শিক্ষা ব্যবস্থা ও বাংলাদেশের শিক্ষানীতি

মীর মাহফুজুল হক

গত ২৭/৮/৯৭ তারিখের দৈনিক ''সংবাদ'' পত্রিকায় শিশির ভট্টাচার্যের লেখা পড়ে ফরাসী দেশের শিক্ষা ব্যবস্থার সাথে বাংলাদেশের শিক্ষা ব্যবস্থার তুলনামূলক আলোচনার মাধ্যমে বাংলাদেশের শিক্ষানীতিতে ফরাসী দেশের শিক্ষা ব্যবস্থার কিছু কিছু দিক গ্রহণ করলে যে ভাল ফল দিতে পারত তা জেনে বেশ ভাল লাগল। যদিও আমাদের সামাজিক ও রাজনৈতিক অবস্থানের ভিন্নতার কারণে ঐ সকল ব্যবস্থা পুরোপুরি বাস্তবায়ন সম্ভব নয়; তবুও এ সীমাবদ্ধতায় থেকেও ফরাসী শিক্ষা ব্যবস্থার মধ্যে এমন কতকগুলো দিক আছে যা আমাদের দেশে প্রবর্তন করতে পারলে অন্ততপক্ষে সেশন জট, সন্ত্রাস ও বেকারত্ব কমতে পারত। কিন্তু ভট্টাচার্য ফরাসী দেশের শিক্ষকদের মেধা সম্বন্ধে কোন বক্তব্য না দিয়েই আমাদের দেশের শিক্ষকদের মেধা সম্পর্কে বিরূপ মন্তব্য করেছেন। তিনি ঢালাওভাবে শিক্ষকদের মেধাকে মাঝারি গোছের বলে মন্তব্য করেছেন এবং সে কারণেই তারা ঈর্ষান্বিত হয়ে শিক্ষার্থীদের কম নম্বর দিয়ে থাকেন; একথা সম্পূর্ণ কল্পনাপ্রসূত, যুক্তি ও ভিত্তিহীন যা মোটেও গ্রহণযোগ্য নয়। আমাদের দেশের পরীক্ষা পদ্ধতি অনুযায়ী শিক্ষার্থীরা যে নম্বর পেয়ে থাকে তাকে ফরাসী দেশের পদ্ধতির সাথে তুলনা করা চলে না; আমার মনে হয় লেখক ফরাসী দেশের পক্ষ হয়ে একপেশে চিন্তায় মগ্ন হয়ে এ বক্তব্য প্রদান করেছেন। আমাদের দেশের সিস্টেম অনুযায়ী শিক্ষকমহল নম্বর প্রদান করে থাকেন; এজন্য যদি কোন কিছুকে দায়ী করতেই হয় তবে সিস্টেমকে দায়ী করতে হবে, শিক্ষক সমাজকে নয়। দেখা যায়, মূল্যায়ন পদ্ধতির কারণেই বিজ্ঞানের শিক্ষার্থীরা বাণিজ্য বা কলা অনুষদের শিক্ষার্থীদের চেয়ে অধিক নম্বর পেয়ে থাকে। এটা শিক্ষা ব্যবস্থার কারণেই হয়ে থাকে শিক্ষকদের ঈর্ষা বা মেধার কমতির জন্য নয়। শিক্ষক সমাজ কম নম্বর প্রদান করলে বিজ্ঞানের ছাত্রছাত্রীরা অধিক নম্বর পায় কিভাবে? লেখক যেহেতু শিক্ষানীতি সম্পর্কে আলোকপাত করতে চেয়েছেন, তাই তার উচিৎ ছিল, আমাদের দেশের বিশ্ববিদ্যালয় বা কলেজের নিয়োগ পদ্ধতি সম্পর্কে জেনে নেয়া। মাষ্টার ডিগ্রি অর্জনকারী ও ভাল ফলাফল অর্জনকারী শিক্ষার্থীরাই সাধারণত প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে পাণ্ডিত্য প্রমাণ করেই এ সমস্ত প্রতিষ্ঠানে শিক্ষকতা পেশায় নিয়োজিত হয়; যদিও পাণ্ডিত্য বা মেধা আপেক্ষিক ব্যাপার। তবুও বলব যে, অন্য পেশায় নিয়োজিত ব্যক্তিরা যে অধিক মেধাসম্পন্ন তার প্রমাণ বা ডাইটোরিয়া উক্ত লেখক কি আমাদেরকে অবগত করতে পারবেন? এ সম্পর্কে ভট্টাচার্য উল্লেখ করলে আমার পক্ষে বিস্তারিত আলোচনা করা একটু সহজ হত। যেকোন শিক্ষানীতি মেধাসম্পন্ন শিক্ষক সমাজের প্রয়াস ও সহযোগিতা ছাড়া সঠিক বাস্তবায়ন সম্ভব নয়; তাই লেখকের দৃষ্টিতে যদি এদেশের শিক্ষক সমাজ মাঝারি মেধাসম্পন্ন হয়েই থাকে, তবে এ সম্পর্কে প্রয়োজনীয় দিক নির্দেশনা ও সুপারিশ থাকা বাঞ্ছনীয় ছিল বলে আমার মনে হয়। পরিশেষে ''ফরাসী শিক্ষা ব্যবস্থা এবং বাংলাদেশের শিক্ষানীতি' শিরোনামে বক্তব্য অবতারণার জন্য লেখককে ধন্যবাদ জানাচ্ছি।

*(লেখক পিএইচ ডি ফেলো ইনস্টিটিউট অফ বাংলাদেশ স্টাডিজ, রাজশাহী বিশ্ববিদ্যালয়)*